



ড্রোন-ক্ষেপণাস্ত্র কর্মসূচি অব্যাহত থাকবে: ইরান



ইরানের মুখপাত্র ইসমাইল বাঘাই। ছবি: সংগৃহীত

ইরান জানিয়েছে, তাদের ড্রোন ও ক্ষেপণাস্ত্র উন্নয়ন কর্মসূচি অব্যাহত থাকবে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই এ তথ্য নিশ্চিত করেছেন।

সোমবার (২৫ মে) পাকিস্তানের সংবাদমাধ্যম ডন নিউজের এক প্রতিবেদনে বিষয়টি জানানো হয়।

রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবি-কে দেওয়া বক্তব্যে তিনি বলেন, জাতীয় প্রতিরক্ষা শক্তি বাড়াতে এই কর্মসূচিতে রাষ্ট্রীয় বাজেট থেকে অর্থ বরাদ্দ রাখা হবে এবং এ ক্ষেত্রে কারও অনুমতি নেওয়ার প্রয়োজন নেই।

তার ভাষায়, এমন সক্ষমতা না থাকলে যুক্তরাষ্ট্রসহ কয়েকটি বড় শক্তি দেশের ওপর চাপ সৃষ্টি করতে পারত।

এর আগে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ইরানের ড্রোন ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি সীমিত করার আহ্বান জানানো হলেও তেহরান আবারও স্পষ্ট করে দিয়েছে, তারা এ নীতিতে পরিবর্তন আনবে না।

বিশ্লেষকদের মতে, পারমাণবিক আলোচনার পাশাপাশি ইরানের সামরিক সক্ষমতা নিয়ে যুক্তরাষ্ট্র ও পশ্চিমা বিশ্বের উদ্বেগ এখনো বিদ্যমান।